

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৪৫/২০২২-২০২৩
ময়মনসিংহ, ০৬ জুন, মঙ্গলবার ২০২৩, ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় আন্তর্জাতিক কনফারেন্স শুরু
- ০২। ময়মনসিংহে বিশ্ব পরিবেশ দিবস-২০২৩ উদযাপিত
- ০৩। ময়মনসিংহের মুক্তাগাছা, ভালুকা, গফরগাঁও, নেত্রকোনার দুর্গাপুর, কেন্দুয়া, শেরপুরে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন
- ০৪। বাকুবিতে কৃষক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত

০১। কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় আন্তর্জাতিক কনফারেন্স শুরু

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে '2nd International Conference on Technology, Business and Justice towards smart Bangladesh' শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক কনফারেন্স শুরু হয়েছে। নেপাল-মালয়েশিয়া ও জাপান থেকে আগত বরণ্য শিক্ষাবিদ, গবেষকদের অংশগ্রহণের মধ্য দিয়ে সোমবার (০৫ জুন) সকালে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরিতে কনফারেন্সের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সৌমিত্র শেখর। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও আজকের ময়মনসিংহ।

০২। ময়মনসিংহে বিশ্ব পরিবেশ দিবস-২০২৩ উদযাপিত

'প্লাস্টিক দূষণের সমাধানে সামিল হই সকলে' প্রতিপাদ্য নিয়ে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা, বৃক্ষ রোপন ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে ময়মনসিংহ জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তরের আয়োজনে ময়মনসিংহে বিশ্ব পরিবেশ দিবস-২০২৩ উদযাপিত হয়েছে। সোমবার (০৫ জুন) সকালে ময়মনসিংহ জেলা পরিষদের ভাষা শহীদ আব্দুল জব্বার মিলনায়তনে দিবসটি উপলক্ষ্যে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৩। ময়মনসিংহের মুক্তাগাছা, ভালুকা, গফরগাঁও, নেত্রকোনার দুর্গাপুর, কেন্দুয়া, শেরপুরে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন

সোমবার (০৫ জুন) ময়মনসিংহ জেলার মুক্তাগাছা, ভালুকা, গফরগাঁও উপজেলা, নেত্রকোনার দুর্গাপুর ও কেন্দুয়া উপজেলা ও শেরপুরে সরকারি-বেসরকারি আয়োজনে বিভিন্ন আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে বিশ্ব পরিবেশ দিবস-২০২৩ উদযাপন করা হয়েছে। পরিবেশ দিবস উপলক্ষ্যে সংশ্লিষ্ট পর্যায়ে র্যালি, বৃক্ষরোপন করা হয় এবং স্থানীয় প্রশাসনের উদ্যোগে বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণের মধ্য দিয়ে পরিবেশ সুরক্ষা সংক্রান্ত বিষয়বস্তুকে উপজীব্য করে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৪। বাকুবিতে কৃষক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) প্রফেসর গোলাম আলী ফকির সীড প্যাথলজি সেন্টারে সোমবার (০৫ জুন) সকালে দিনব্যাপী 'শস্য বীজ এর জীবাণু সনাক্তকরণ, দমন এবং সংরক্ষণ' বিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাকুবির রিসার্চ সিস্টেম (বাউরেস) এর পরিচালক প্রফেসর ড. মো. জয়নাল আবেদীন। এছাড়াও অনুষ্ঠানে ২০ জন প্রশিক্ষণার্থী কৃষক-কৃষাণীসহ উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ এর শিক্ষক, শিক্ষার্থী ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** দেশে গত কয়েকদিন ধরে প্রচন্ড দাবদাহে জনজীবন অতিষ্ঠ হয়ে উঠেছে। পরিবেশ হানি ও জলবায়ুর নেতিবাচক পরিবর্তনের কারণে ক্রমেই উত্তপ্ত হয়ে উঠেছে বিশ্ব। পরিবেশ দূষণ রোধে আর জলবায়ুর ভারসাম্য ফিরিয়ে আনতে বিশ্বের অন্যান্য দেশের মতো আমাদেরও দায়িত্ব পালন করতে হবে। উষ্ণায়ন থেকে রক্ষা পেতে হলে অধিক বনায়ন করতে হবে এবং পরিবেশ দূষণ হতে নিজেদের বিরত রাখতে হবে।
- (খ) **দৈনিক স্বজন:** শব্দ দূষণ একটি নিরব ঘাতক। জলবায়ু অভিযোজনের জন্য আমরা যেভাবে কাজ করছি ঠিক একইভাবে শব্দদূষণ নিয়ে কাজ করতে হবে। পাশাপাশি নীতি-নির্ধারকদেরও অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। গ্রামীণ অঞ্চলে ভূমি ব্যবহার পরিকল্পনার প্রয়োজনীয়তা-কবির উদ্দিন (দৈনিক স্বজন)
- ০২। মুক্তিযুদ্ধের চেতনাই স্মার্ট বাংলাদেশের ভিত্তি- হীরন পন্ডিত (দৈনিক আজকের ময়মনসিংহ)
- ০৩। ভিসানীতি, রাজনীতি- এস এ কবীর (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।